# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

দরপত্রের নাম : ময়মনসিংহ পাওয়ার স্টেশন এর মজুদ পুরাতন/ব্যবহার অনুপযোগী মালামালসমূহ (যেখানে যে অবস্থায় আছে) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়করণ।

দরপত্র বিজ্ঞপ্তির সূত্র : স্মারক নং:২৭.২৬.০০০০.০০৩.০৫.১১৩.১৪. ৯৬৮
তারিখ: ০১/০৪/২০২৪খ্রিঃ

প্যাকেজ নং : ০১

লট নং : ০৫

মালামালের বিবরণ : লুব ওয়েল জাতীয়

দরপত্র পদ্ধতি : উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম)

Not For Submission

এপ্রিল-২০২৪

Rural Power Company Ltd. ★ H-19, R-1B, Sec-9, Uttara, Dhaka ★

# দরপত্র দলিল

**ক) ভূমিকাঃ**

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) এর আওতাধীন ময়মনসিংহ পাওয়ার স্টেশন এর মজুদ পুরাতন/ব্যবহার অনুপযোগী মালামালসমূহ (যেখানে যে অবস্থায় আছে) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| খ) | **মালামালের বিবরণ** | : | লুব ওয়েল জাতীয় । |
| গ) | **মালামালের পরিমাণ** | | ৮,০০০ (আট হাজার) লিটার। |
| ঘ) | **মালামালের অবস্থান** | : | ময়মনসিংহ পাওয়ার স্টেশন,লালকুঠি দরবার শরীফ, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ। |
| ঙ) | **নিলাম দরপত্র দলিল বিক্রয়ের স্থান** | : | নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। |
| চ) | **নিলাম দরপত্র দলিল দাখিলের স্থান** | : | নির্বাহী পরিচালক (প্রকৌশল), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। |
| ছ) | **নিলাম দরপত্র দলিল বিক্রয়ের সময়সীমা** | : | আগ্রহী দরদাতাগণ বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর অনকূলে পে-অর্ডার (অফেরতযোগ্য) এর মাধ্যমে নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত সিডিউলের মুল্য মোতাবেক টাকা আবেদনপত্র সহ জমা প্রদান সাপেক্ষে আগামী **২১/০৪/২০২৪খ্রিঃ তারিখ, বিকাল:৫:০০ ঘটিকা পর্যন্ত** আরপিসিএল এর সদর দপ্তর হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবে। |
| জ) | **নিলাম দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়সীমা** | : | আগ্রহী দরদাতাগণ দরপত্র দাখিলের ছক (সংযুক্তি-১) অনুযায়ী নির্বাহী পরিচালক (প্রকৌশল), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ বরাবর আগামী **২২/০৪/২০২৪খ্রিঃ** তারিখে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে দরপত্র জমা প্রদান করবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। খামের উপরে নিলাম দরপত্র, প্যাকেজ নং, লট নং এবং বিদ্যুৎ কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে। **"২২/০৪/২০২৪খ্রিঃ বেলা: ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না"** এ নির্দেশনা লিখতে হবে। নির্ধারিত সময়ে ডাকযোগে প্রাপ্ত দরপত্র গ্রহণ করা হবে। |
| ঝ) | **নিলাম দরপত্র খোলার তারিখ ও সময়সীমা** | : | নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত দরপত্র সমূহ আগামী **২২/০৪/২০২৪খ্রিঃ তারিখ, দুপুর ১২:৩০ ঘটিকায়** রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ তে উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে এবং পরবর্তীতে মূল্যায়ন কমিটি কর্তৃক যথারীতি মূল্যায়ন করা হবে। |
| ঞ) | **দরপত্র জামানত** | : | **৫২,০০০/-(বায়ান্ন হাজার) টাকা** 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় প্রাপ্ত দরপত্র সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। |

Not For Submission

**ট) দরপত্রের অন্যান্য শর্তাবলীঃ**

১) একজন দরদাতা একটি লটের বিপরীতে একাধিক দরপত্র দাখিল করতে পারবে না। প্রতিটি লটের জন্য পৃথক পৃথক খামে দরপত্র দাখিল করতে হবে। প্রতিটি লট আলাদাভাবে মূল্যায়ন করা হবে।

২) প্রতি লিটার অয়েলের ন্যূনতম নিলাম মূল্য **ভ্যাট ও ট্যাক্স সহ ৬৫.০০ (পয়ঁষট্টি)** টাকা। উক্ত মূল্যের কমে দরপত্র গ্রহণ করা হবে না।

৩) উদ্ধৃত একক মূল্য আলোচ্য লটের সকল আইটেমের জন্য প্রযোজ্য হবে।

৪) আগ্রহী দরদাতাগণ সিডিউল ক্রয় পূর্বক আগামী **২১/০৪/২০২৪খ্রিঃ** পর্যন্ত প্রতি কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট স্থানে নিলামকৃত মালামাল সমূহ পরিদর্শন করতে পারবেন এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

৫) আগ্রহী দরদাতাগণ অবশ্যই নিলামকৃত মালামালের অবস্থান, প্রকৃতি, ধরণ ইত্যাদি সম্বন্ধে অবগত হওয়ার পর মালামালের দর প্রদান করবেন। পরবর্তীতে মালামাল গ্রহণের সময় কোনরূপ অভিযোগ গ্রহণ করা হবে না।

Rural Power Company Ltd. H-19, R-1B, Sec-9, Uttara, Dhaka

৬) দরপত্রে কোন কাটা ছেড়াঁ/ঘষামাজা গ্রহণযোগ্য নয়। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। অংক এবং কথার মধ্যে গড়মিল পরিলক্ষিত হলে কথায় লিখিত দর মূল্যায়নের জন্য বিবেচ্য হবে।

৭) দরদাতা কর্তৃক দরপত্রে স্বাক্ষর করতে হবে এবং পূর্ণাঙ্গ ঠিকানা লিখতে হবে। অন্যথায় দরদাতার দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

৮) দরদাতা ব্যক্তি হলে ১) জাতীয় পরিচয় পত্র, ২) হালনাগাদকৃত টিআইএন সার্টিফিকেট ও ৩) সর্বশেষ অর্থ বছরের আয়কর রিটার্ন প্রাপ্তি স্বীকার পত্র/ প্রত্যয়ন পত্র এবং প্রতিষ্ঠান হলে ১) হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, ২) হালনাগাদকৃত টিআইএন সার্টিফিকেট ও ৩) হালনাগাদকৃত ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট (১৩ ডিজিটের বিন সহ) এর কপি দর প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

৯) উদ্ধৃত দর দরপত্র খোলার তারিখ হতে ৬০ **(ষাট)** দিন পযর্ন্ত বলবৎ যোগ্য হবে।

১০) **কার্য সম্পাদন জামানতঃ** কৃতকার্য দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদানের পর দরপত্র জামানত হিসেবে প্রদত্ত অর্থ 'কার্য সম্পাদন জামানত' হিসেবে সংরক্ষিত থাকবে এবং প্ল্যান্ট থেকে কার্য সম্পাদন সনদ প্রাপ্তি সাপেক্ষে উক্ত জামানত ফেরৎ প্রদান করা হবে।

১১) **দরপত্র জামানত ফেরত প্রদানঃ** নিলাম দরপত্রের মূল্যায়ন প্রতিবেদন আরপিসিএল এর উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর অংশগ্রহনকারী ১ম,২য় ও ৩য় সর্বোচ্চ দরদাতা ব্যতীত বাকী দরদাতাদের দরপত্র জামানত তাদের আবেদনের প্রেক্ষিতে ফেরত প্রদান করা হবে। কৃতকার্য দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদানের পর বাকী ২জন দরদাতার দরপত্র জামানত তাদের আবেদনের প্রেক্ষিতে ফেরত প্রদান করা হবে।

১২) কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে বিক্রয়াদেশে উল্লেখিত মালামালের মূল্য 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর অনুকূলে পে-অর্ডার আকারে পরিশোধ করতঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্লান্ট থেকে মালামাল অপসারণ করতে হবে।

১৩) বিক্রয়াদেশে উল্লেখিত সময়ের মধ্যে মালামাল অপসারণ করতে ব্যর্থ হলে জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৪) মালামাল সংশ্লিষ্ট স্থান হতে নিজস্ব পরিবহন ব্যবস্থায় নিজ দায়িত্বে বুঝে নিতে হবে।

১৫) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬) কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষন করে।

| নিলাম দরপত্র আহ্বানকারী | নিলাম দরদাতা : |
|---|---|
| নামঃ মোঃ সেলিম ভূঁইয়া | নামঃ |
| পদবীঃ নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল | পদবীঃ |
| স্বাক্ষর ও তারিখঃ | স্বাক্ষর ও তারিখঃ |

Not For Submission

সংযুক্তি: ১

তারিখ:-----/-----/-----------খ্রিঃ

**ময়মনসিংহ পাওয়ার স্টেশন এর ব্যবহার অনুপযোগী মালামাল (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) অপসারণ করার নিমিত্তে প্রদত্ত দর দাখিলের ফরম**

**লুব ওয়েল জাতীয় (প্যাকেজ নং:০১, লট নং:০৫)**

| ক্রমিক নং | মালামালের বিবরণ | একক | পরিমান | একক মূল্য (টাকা) (ভ্যাট ও ট্যাক্স সহ) | মোট মূল্য (টাকা) (ভ্যাট ও ট্যাক্স সহ) (কলাম:৩Xকলাম:৫) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | পুরাতন লুব ওয়েল, গিয়ার ওয়েল, ট্রান্সফরমার ওয়েল ইত্যাদি | লিটার | ৮০০০ | | |
| মালামালের মোট মূল্য | | | | অঙ্কে | |
| | | | | কথায় | |

*কৃতকার্য দরদাতাকে বর্তমান ভ্যাট এবং আয়করের হার যুক্ত করে দর দাখিল করতে হবে।

Not For Submission

| | |
|---|---|
| দর দাখিলকারী প্রতিষ্ঠানের নাম ও সীল | |
| তারিখ: | |

Rural Power Company Ltd. H-19, R-1/B, Sec-9, Uttara, Dhaka